জাতীয় শিক্ষা সপ্তাহে দেশসেরা রোভার চুয়াডাঙ্গার আল মুতাকাব্বির সাকিব

জাতীয় শিক্ষা সপ্তাহ–২০২৬ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার মধ্যে শ্রেষ্ঠ রোভার ক্যাটাগরিতে জাতীয় পর্যায়ে দেশসেরা রোভার স্কাউটের খ্যাতি অর্জন করেছে চুয়াডাঙ্গা সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের ছাত্র ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।

খুলনা বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জনের পর এবার জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন তিনি। গত সোমবার ঢাকা টিটি কলেজে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং মঙ্গলবার ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব রেহানা পারভীনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার।

এ সময় অনুষ্ঠানের প্রধান অতিথি শ্রেষ্ঠ রোভার আল মুতাকাব্বির সাকিবের হাতে গোল্ড মেডেল, ক্রেস্ট, সার্টিফিকেট এবং নগদ অর্থ পুরস্কার তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুহাম্মদ রফিকুল ইসলাম। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর বি. এম. আব্দুল হান্নান।

আল মুতাকাব্বির সাকিব চুয়াডাঙ্গা সদর উপজেলার হায়দারপুর গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী ও সাবেক মেম্বার শহিদুল ইসলামের পুত্র। তার এই সাফল্যের পেছনে তার বাবা-মা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. সাইফুর রশীদ, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান ও চুয়াডাঙ্গা সরকারি কলেজসহ সকল শিক্ষাগুরুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশের পাশে রোভার স্কাউট

চুয়াডাঙ্গায় যানজট নিরসন ও সাধারণ মানুষের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ট্রাফিক পুলিশের পাশাপাশি কাজ করছে রোভার স্কাউটের সদস্যরা। সোমবার সকাল থেকে দিনব্যাপী এ কার্যক্রম চালিয়ে যাচ্ছে চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপ।

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঘরমুখো মানুষের চাপে চুয়াডাঙ্গা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে যানজট বেড়ে গেছে। চুয়াডাঙ্গা বড় বাজার, কোর্ট মোড় ও একাডেমি মোড়সহ বিভিন্ন স্থানে যানজটে নাকাল জনসাধারণ। জেলা ও জেলার বাইরে থেকে আগত ইজিবাইক, চার্জার ভ্যানসহ বিভিন্ন ছোট যানবাহনের কারণে যানজট আরও প্রকট হয়ে উঠেছে। যানজট নিরসনে ট্রাফিক পুলিশের পাশাপাশি রোভার স্কাউটের সদস্যরাও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব বলেন, “যানজট জনজীবনের জন্য বড় সমস্যা। ঈদের আগে চুয়াডাঙ্গার কিছু গুরুত্বপূর্ণ এলাকায় যানজট প্রকট আকার ধারণ করে। সাধারণ মানুষের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে আমরা কাজ করছি। চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের গ্রুপ সম্পাদক জাহিদুল হাসান স্যারের নির্দেশনায় আমাদের এই কার্যক্রম চলছে।”

তিনি আরও জানান, ২৫ রমজান থেকে ঈদের আগের দিন পর্যন্ত চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনে যাত্রীদের সেবা ও নিরাপত্তা রক্ষায় রোভার স্কাউট সদস্যরা দায়িত্ব পালন করবেন।

এই কার্যক্রমে অংশ নেওয়া রোভার স্কাউট সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাদ হাকিম, সালমান ফার্সি, সৌরভ হোসেন, কামাল হোসেন, মাহিন বিল্লা, রাব্বি, ইকবাল, নাফিজ, সাইদুর, মুজাহিদ, রাজসহ আরও অনেকে। এছাড়া গার্ল ইন রোভার সদস্যরাও এ

মেহেরপুরে রোভার আরএসএল রিফেসার্স কোর্স অনুষ্ঠিত

মেহেরপুর জেলা রোভারের আয়োজনে আরএসএল রিফ্রেসার্স কোর্স অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার ছহিউদ্দীন ডিগ্রী কলেজে এ ট্রেনিং কোর্স অনুষ্ঠিত হয়।

জেলা রোভারের সহ-সভাপতি নুরুল আহমেদ এর সভাপতিত্বে এবং জেলা রোভারের সম্পাদক ও ছহিউদ্দীন ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রোভার অঞ্চলের খুলনা বিভাগীয় রোভার নেতা প্রতিনিধি ও বাংলাদেশ স্কাউটস এর লিডার ট্রেইনার শরীফউদ্দীন, বাংলাদেশ স্কাউটসের উডব্যাজার (সিএলটি সম্পন্নকারী) মুকিত জোয়ার্দার, জেলা রোভারের ডিআরএসএল আনোয়ার হোসেন, জেলা রোভারের কোষাধ্যক্ষ ও মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক রফিকুল আলম বকুল,জেলা যুগ্ম সম্পাদক ও মেহেরপুর সরকারী কলেজের শরীরচর্চা শিক্ষক আলমগীর হোসেন,সহকারী কমিশনার মুজিবনগর সরকারী কলেজের জাহির হোসেন চঞ্চল,মুজিবনগর সরকারী কলেজের আরএসএল রোকেয়া খাতুন, প্রভাষক হেলালউদৃদীন, প্রভাষক নিমাই চন্দ্র রায়, প্রভাষক ইলিয়াস হোসেন, ,গাংনী সরকারী কলেজের আরএসএল আসাদুজ্জামান,ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক শাহানা মাহমুদা ছহিউদ্দীন ডিগ্রী কলেজের আরএসএল ওয়াজেদুল ইসলাম,সহকারী কমিশনার ওয়াহিদুজ্জামান, মেহেরপুর সরকারী মহিলা কলেজের প্রভাষক জান্নাতুল নাঈমা, প্রভাষক বিপাশা খাতুন, সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অনিতা কোহিনুর, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের আরএসএল আফরোজা খাতুন,এআরবি কলেজের আরএসএল সেলিম রেজা,আন নুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজের শাহিনুজ্জামান,যাদুখালী স্কুল এন্ড কলেজের রবিন মিয়া কুতুবপুর স্কুল এন্ড কলেজের আরএসএল এখলাচুর রহমান, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজের আরএসএল এমদাদুল হক,জাফর আলী, মহাজনপুর কলেজের আহসানুুজ্জামান, খুলনা বিভাগীয়